

## ১। অধ্যক্ষ

সরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ  
মিরপুর-১৪, ঢাকা-১২০৬।

## ২। অধ্যক্ষ

বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ  
৪৬/২, টয়েনবি সার্কুলার রোড, ঢাকা।

বিষয় :- ৩য় পেশাগত সাপ্লিমেন্টারী পরীক্ষার ফরম পূরণ ও ফিস জমা দেওয়া প্রসঙ্গে।

জনাব,

৩য় পেশাগত বি.এইচ.এম.এস পরীক্ষায় অংশগ্রহণ করিতে ইচ্ছুক আপনার কলেজের পরীক্ষার্থীদের ফরমপূরণ ও ফিস বিনা বিলম্ব ফিসে আগামী ২৫/১০/২০২২ তারিখের মধ্যে অনলাইনে সম্পন্ন করিয়া ফরমসমূহ স্ব-স্ব কলেজ অফিসে সংরক্ষণ ও ফিস অত্র অফিসে জমা দেওয়ার ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হইল। “[www.ducmc.com](http://www.ducmc.com)” এই লিংকে প্রবেশ করে ফরমপূরণের সকল কার্যক্রম শিক্ষার্থী নিজেই সম্পন্ন করিতে পারিবে।

উল্লেখ্য যে, ২৫/১০/২০২২ তারিখের পর সার্ভার স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাইবে তাই আর কোন পরীক্ষার্থীর ফরমপূরণ ও ফিস জমা নেওয়া সম্ভব হইবে না।

সকল পেশাগত সাপ্লিমেন্টারী পরীক্ষার ফিস ও অন্যান্য ফিসের হার

- (ক) এক বিষয়ের জন্য পরীক্ষার ফিস -----১,০৫০/- (এক হাজার পঞ্চাশ) টাকা।  
 (খ) দুই বিষয়ের জন্য পরীক্ষার ফিস -----১,৫০০/০০ (এক হাজার পাঁচশত) টাকা।  
 (গ) প্রত্যেক পরীক্ষার্থীর নম্বরপত্র ফিস-----৪৫০/০০ (চার শত পঞ্চাশ) টাকা।  
 (ঘ) প্রত্যেক পরীক্ষার্থীর কেন্দ্র ফিস-----৭৫০/০০ (সাত শত পঞ্চাশ) টাকা।  
 (ঙ) অনিয়মিত প্রত্যেক পরীক্ষার্থীর রিটেনশন ফিস-----৭৫০/০০ (সাত শত পঞ্চাশ) টাকা।

নিম্নোক্ত নিয়মাবলী অনুসারে ফরম ও ফিস দাখিল করিতে হইবে :

- ১। দেয় ফিসের টাকা “Fees from the Constituent College” এই শিরোনামে পে-অর্ডার/ডিডি তৈয়ার করিয়া জমা দিতে হইবে। পে-অর্ডার/ডিডি অবশ্যই হিসেবে দেয় (A/C Payee) হইতে হইবে।
- ২। যে সকল পরীক্ষার্থী পূর্ববর্তী পরীক্ষায় রেফার্ড পাইয়াছে সেই সকল পরীক্ষার্থীকে “Irregular” পরীক্ষার্থী হিসেবে গণ্য করিতে হইবে এবং রিটেনশন ফিস পরিশোধ করিতে হইবে।
- ৩। যে সকল পরীক্ষার্থী প্রথম বারে কোন পরীক্ষায় অংশগ্রহণ করিবে সেই সকল পরীক্ষার্থীকে “Regular” পরীক্ষার্থী হিসেবে গণ্য করিতে হইবে।
- ৪। প্রত্যেক বিষয়ের ক্লাশে ছাত্র/ছাত্রীদের কমপক্ষে ৭৫% হাজিরা থাকিতে হইবে। যে সকল ছাত্র/ছাত্রীর ক্লাসে ৬০%-৭৪% হাজিরা আছে সেই সকল ছাত্র/ছাত্রীকে নন-কলেজিয়েট ছাত্র/ছাত্রী হিসেবে গণ্য করিতে হইবে এবং নন-কলেজিয়েট ফিস পরিশোধ করিতে হইবে। যে সকল ছাত্র/ছাত্রী ক্লাসে ৬০% এর কম হাজিরা আছে সেই সকল ছাত্র/ছাত্রীকে ডিস-কলেজিয়েট ছাত্র/ছাত্রী হিসেবে গণ্য হবে। ডিস-কলেজিয়েট ছাত্র/ছাত্রী পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে না।
- ৫। পরীক্ষার্থীরা অনলাইনে ফরমপূরণ সম্পন্ন করার পর পরীক্ষার্থীর নাম, তাহাদের পূর্ববর্তী পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটের সঙ্গে যাচাই করিতে হইবে এবং অনলাইনে পরীক্ষার্থীর “No. of lectures”, “No. of demonstrartions”, “Practical & Clinical Classes”, “Tutorials”, “Remarks” ঘরসমূহ পূরণ করিয়া কলেজ কর্তৃপক্ষ পরীক্ষার্থীকে “Verify” করিবেন।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

- ৬। পরীক্ষার্থী অনলাইনে ফরমপূরণের পর পূরণকৃত ফরম ডাউনলোড করিতে হইবে। ডাউনলোডকৃত ফরমে পরীক্ষার্থী স্বাক্ষর করিয়া কলেজে জমা দিতে হইবে।
- ৭। কলেজ কর্তৃক “Verify” কৃত পরীক্ষার্থী চূড়ান্ত পরীক্ষার্থী হিসেবে গণ্য হইবে। শুধু তাহারাই “Admit Card” ডাউনলোড করিতে পারিবে। ডাউনলোডকৃত “Admit Card” কলেজের অধ্যক্ষ মহোদয় সত্যায়িত করিয়া পরীক্ষার্থীদের নিকট হস্তান্তর করিবেন।
- ৮। ফরমে উল্লিখিত বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে/বিষয়সমূহে পরীক্ষায় অংশগ্রহণ করিলে প্রদত্ত পরীক্ষা বাতিল বলিয়া গণ্য হইবে।
- ৯। ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন ব্যতীত কোন পরীক্ষার্থীর ফরম ও ফিস জমা দেওয়া যাইবে না।
- ১০। কলেজের অধিভুক্তি নবায়নের ফটোকপি সত্যায়িত করিয়া জমা দিতে হইবে।
- ১১। ফিস দাখিলের ক্ষেত্রে ডাকযোগে না পাঠাইয়া কলেজের লোক মারফত অত্র অফিসে দাখিল করিতে হইবে। এই জন্য কোন টি.এ./ডি.এ. দেওয়া হইবে না।
- ১২। ফরওয়ারডিং লেটার এর মাধ্যমে ডিডি/পে-অর্ডার জমা দিতে হইবে এবং ফিসের হিসাবের বিস্তারিত বিবরণ উল্লেখ করিতে হইবে।
- ১৩। সোনালী, জনতা ও অগ্রণী ব্যাংক ছাড়া অন্য কোন ব্যাংকের ডিডি/পে-অর্ডার জমা দেওয়া যাইবে না।
- ১৪। প্রশাসনিক কাজের সুবিধার্থে সকল পরীক্ষার্থীর ফিস একবারে প্রেরণ করিতে হইবে। ফিস বার বার প্রেরণ করা যাইবে না।
- ১৫। ফরওয়ারডিং লেটার এর মাধ্যমে প্রত্যেক পরীক্ষার্থীর এন্ট্রিফরমের মূল্য বাবদ ১০০(একশত) টাকা পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে নগদ জমা দিতে হইবে।

প্রশাসনিক ভবন,  
ঢাকা বিশ্ববিদ্যালয়।

মেমো নং- ১১৬৫/মে. সে./প./৩৩৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল।

১। ডীন, ফার্মেসী অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

আপনার বিশস্ত


স্বাক্ষর/-

(মোঃ বাহালুল হক চৌধুরী)

পরীক্ষা নিয়ন্ত্রক

ঢাকা বিশ্ববিদ্যালয়।

তারিখঃ ১২/১০/২০২২

  
মোঃ বাহালুল হক চৌধুরী  
পরীক্ষা নিয়ন্ত্রক  
ঢাকা বিশ্ববিদ্যালয়